বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

**University Grants Commission of Bangladesh**

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

website: www.ugc.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং- ইউজিসি/প্রশা:/৪(৪)/৭৩/১১-৩(পার্ট নথি)/ ৬৮৭২

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর ২০২০খ্রি.

সূত্র নং- ৩৭.২৬.০০০০.১১৪.৪০.০০১.২০-২৬১, তারিখ: ২৫ আগস্ট ২০২০খ্রি.।

উপর্যুক্ত সূত্রে আর্ন্তজাতিক মাতৃভাষা ইন্সস্টিটিউট থেকে প্রাপ্ত পত্রটি (সংযুক্তিসহ) সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে এতদ্সঙ্গে প্রেরণ করা হ'ল।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সংযুক্তি: বর্ণনামতে।

জাফর আহম্মদ জাহাঙ্গীর
যুগ্মসচিব
ফোন: ৫৮১৬০২৩২(অফিস)
jahanger@ugc.gov.bd

**বিতরণ:**

১-৪৬। রেজিস্ট্রার
ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/ বাংলাদেশ প্রকৌশল/ চট্টগ্রাম/ জাহাঙ্গীরনগর/ ইসলামী/ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/ খুলনা/ জাতীয়/ বাংলাদেশ উন্মুক্ত/ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/শেরে বাংলা কৃষি/ চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/ খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/জগন্নাথ/কুমিল্লা/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/বেগম রোকেয়া/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস্/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/বরিশাল/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ ইসলামি আরবি/চট্টগ্রাম মেডিকেল/রাজশাহী মেডিকেল/ রবীন্দ্র বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/ শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়/খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/সিলেট মেডিকেল/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশনস অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।

৪৭-১৪২। রেজিস্ট্রার
নর্থ সাউথ/ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ইন্ডিপেনডেন্ট/সেন্ট্রাল উইমেন্স/ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি/ আর্ন্তজাতিক ইসলামী/আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি/আমেরিকান ইন্টারন্যাশনাল/ইস্ট ওয়েস্ট/এশিয়া প্যাসিফিক/গণ/দি পিপলস/এশিয়ান/ঢাকা ইন্টারন্যাশনাল/ মানারাত ইন্টারন্যাশনাল/ ব্রাক/বাংলাদেশ/ লিডিং/ বিজিসি ট্রাষ্ট/ সিলেট ইন্টারন্যাশনাল/ ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ/ প্রিমিয়ার/ সাউথ ইস্ট/ডেফোডিল ইন্টারন্যাশনাল/ ষ্টামফোর্ড/ স্টেট/ সিটি/ প্রাইম/ নর্দান/ সাউদার্ন/ গ্রীণ/ পুন্ড্র/ ওয়ার্ল্ড/ শান্ত-মারিয়াম/ দি মিলিনিয়াম/ ইষ্টার্ণ/ মেট্রোপলিটন/ উত্তরা/ ইউনাইটেড ইন্টারন্যাশনাল/ ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া/বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি/প্রেসিডেন্সি/ইউনিভাসিটি অফ ইনফরমেশন টেকনোলজি এন্ড সাইন্সেস/প্রাইম এশিয়া/রয়েল ইউনিভার্সিটি/ইউনিভার্সিটি অব লিবারেল আর্টস/অতীশ দীপংকর বিজ্ঞান ও প্রযুক্তি/ ভিক্টোরিয়া/ বাংলাদেশ ইসলামী/আশা ইউনিভার্সিটি/ ইস্ট ডেল্টা/ ইউরোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/বরেন্দ্র/হামদর্দ/ বিজিএমইএ ইউনিভার্সিটি অভ ফ্যাশন এন্ড টেকনোলজি/নর্থ ইস্ট/ ফার্স্ট ক্যাপিটাল/ঈশাখাঁ ইন্টারন্যাশনাল/জেডএইচ শিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/এক্সিম ব্যাংক কৃষি/নর্থ ওয়েস্টার্ন/খাজা ইউনুস আলী/ সোনারগাঁও/ ফেনী/ ব্রিটানিয়া/ পোর্ট সিটি ইন্টারন্যাশনাল/বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস/ চিটাগং ইন্ডিপেনডেন্ট/ নটরডেম/ টাইমস্/ নর্থ বেঙ্গল ইন্টান্যাশনাল/ ফারইস্ট ইন্টারন্যাশনাল/রাজশাহী সাইন্স এন্ড টেকনোলজি/শেখ ফজিলাতুন্নেছা মুজিব/কক্সবাজার ইন্টারন্যাশনাল/রণদা প্রসাদ সাহা/ জার্মান/ গ্লোবাল/সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি (বিএইউএসটি)/বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (বিএআইইউএসটি)/দি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার্স/ কানাডিয়ান/ এন.পি.আই/নর্দান ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি/ রবীন্দ্র মৈত্রী/ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি/ সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ গ্লোবাল ভিলেজ/ আনোয়ার খান মডার্ণ/ জেডএনআরএফ/ বান্দরবন/ ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড/ ইউনিভার্সিটি অব ব্রাহ্মণবাড়িয়া/ইউনিভার্সিটি অব স্কিল এনরিচমেন্ট এন্ড টেকনোলজি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং- ইউজিসি/প্রশা:/৪(৪)/৭৩/১১-৩(পার্ট নথি)/ ৬৮৭২

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ
০২ সেপ্টেম্বর ২০২০খ্রি.

**সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল ঃ**

১। ড. জীনাত ইমতিয়াজ আলী, মহাপরিচালক, আর্ন্তজাতিক মাতৃভাষা ইনস্টিটিউ, ১/ক, সেবগুনবাগিচা, ঢাকা-১০০০।
২-১০। পরিচালক (অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন/রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন/পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট/বেসরকারি বিশ্ববিদ্যালয়/ আইএমসিটি/এসপিকিউএ/ জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ/জেনারেল সার্ভিসেস এন্ড এস্টেট বিভাগ), ইউজিসি, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, আইএমসিটি, ইউজিসি, ঢাকা (কমিশনের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
১২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, ইউজিসি, ঢাকা।
১৩-১৭। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, সদস্য মহোদয়গণের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৮। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ইউজিসি, ঢাকা।
১৯। অফিস আদেশ নথি।
২০-২১। নথি/ মহানথি।

মোহাম্মদ মামুনুর রশিদ খান
সহকারী সচিব
mrkhan@ugc.gov.bd

Zimbra **chairman@ugc.gov.bd**

---

**Request for uploading Notification of application/proposal for 'International Mother Language National Award 2021' and the 'International Mother Language Award Guidelines 2019' on the websites of various public and private Universities.**

---

**From :** Director General <imli.moebd@gmail.com> Tue, Aug 25, 2020 11:57 AM

**Subject :** Request for uploading Notification of application/proposal for 'International Mother Language National Award 2021' and the 'International Mother Language Award Guidelines 2019' on the websites of various public and private Universities. 3 attachments

**To :** chairman@ugc.gov.bd

**Cc :** frbhy@yahoo.com, Safiul Muznabeen <muznabeen@gmail.com>, mailtosayeed75@gmail.com, Musabbir <mu_sabbir@yahoo.com>

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
চেয়ারম্যানের দফতর
সচিব
পরিচালক

Sir,

This is for your kind information that the Honorable Prime Minister of the Government of the People's Republic of Bangladesh and Chief Patron of the Institute would kindly give away the 'International Mother Language National Award 2021' and 'International Mother Language International Award 2021' on the Martyrs' Day and International Mother Language Day 2021.

International Mother Language Institute (UNESCO Category-2 Institute) feels an urgency to upload the approved Notification of application/proposal for 'International Mother Language National Award 2021' and the approved 'International Mother Language Award Guidelines 2019' on the websites of various public and private Universities.

Therefore, we request you to take necessary actions to upload the above mentioned notification and guidelines **(files are attached herewith in PDF Format)** on the websites of various public and private Universities.

Please be noted that due to the corona pandemic situation, we have applied to the Ministry of Education for the extension of time limit up to 30 September 2020 for submission of application/proposal. Hopefully, this will be approved within a short time.

Best Regards,

Mohammad Abu Sayeed
Deputy Director (Seminar, Planning and Language Museum)
International Mother Language Institute (IMLI).

---

**Letter UGC Chairman.pdf**
526 KB

Government of the People's Republic of Bangladesh
Ministry of Education
International Mother Language Institute (IMLI)
1/Ka, Segunbagicha, Dhaka-1000

Memo No. 37.26.0000.114.40.001.20-261

Date: 25 August 2020

Sir,

This is for your kind information that the Honorable Prime Minister of the Government of the People's Republic of Bangladesh and Chief Patron of the Institute would kindly give away the 'International Mother Language National Award 2021' and 'International Mother Language International Award 2021' on the Martyrs' Day and International Mother Language Day 2021.

International Mother Language Institute (A UNESCO Category-2 Institute) feels urgency to upload the approved Notification of application/proposal for 'International Mother Language National Award 2021' and the approved 'International Mother Language Award Guidelines 2019' on the websites of various public and private Universities.

Therefore, we request you to take necessary actions to upload the above mentioned notification and guidelines **(files are attached herewith in PDF Format)** on the websites of various public and private Universities.

Please be noted that due to the corona pandemic situation, we have applied to the Ministry of Education for the extension of time limit up to 30 September 2020 for submission of application/proposal. Hopefully, this will be approved within a short time.

Best Regards,

25.08.2020

(Dr. Jinnat Imtiaz Ali)
Director General
Tel: +88 02 8391346
e-mail: imli.moebd@gmail.com

Professor Dr. Kazi Shahidullah
Chairman
University Grants Commission of Bangladesh
Sher-e-Bangla Nagar, Agargaon, Dhaka
E-mail: chairman@ugc.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

স্মারক নং-৩৭.২৬.০০০০.১১৪.৪০.০০১.২০-২৩৪ তারিখ: ০৩ আগস্ট ২০২০

# আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২১ প্রদান

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২১-এ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক "আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২১ (International Mother Language National Award 2021)" এবং "আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক ২০২১ (International Mother Language International Award 2021)" প্রদান করা হবে।

২। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের ২৪ ডিসেম্বর ২০১৯/০৯ পৌষ ১৪২৬-এর ৩৭.০০.০০০০.০৮২.২২.০০৫.১৬.১৫৫১ সংখ্যক পদক নীতিমালা প্রজ্ঞাপন অনুযায়ী জাতীয় পর্যায়ে ২ (দুই)-টি "আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক ২০২১ (International Mother Language National Award 2021)" প্রদানের জন্য বাংলাদেশী নাগরিক অথবা বাংলাদেশে অবস্থিত প্রতিষ্ঠান/সংস্থা-র নিকট থেকে নির্ধারিত ছকে (ছকটি আন্তর্জাতিক মাতৃভাষা পদক নীতিমালা ২০১৯-এর পরিশিষ্ট ক/খ অংশে পাওয়া যাবে) আবেদনপত্র/প্রস্তাব আহ্বান করা যাচ্ছে । উপর্যুক্ত নীতিমালা এবং ছকটি আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর ওয়েবসাইট www.imli.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

৩। উপরি-উক্ত পদক নীতিমালা প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ৭.০-এ পদক প্রাপ্তির যোগ্যতা এবং অনুচ্ছেদ ৮.০-এ বর্ণিত নির্দেশনার আলোকে প্রাপ্তব্য আবেদনপত্র/প্রস্তাবাদি বিবেচনার জন্য বাছাই কমিটির সদস্য-সচিব বরাবর আবেদনপত্র/প্রস্তাব-এর তিন প্রস্ত হার্ড কপি **৩১ আগস্ট ২০২০** তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি প্রেরণের অনুরোধ করা হলো এবং একই সঙ্গে আবেদনপত্র/প্রস্তাব-এর সফট কপি (এমএস ওয়ার্ড ও পিডিএফ আকারে) imli.moebd@gmail.com ই-মেইলে প্রেরণপূর্বক imli.msmoebd@gmail.com ই-মেইলে অনুলিপি প্রেরণ করতে হবে। **৩১ আগস্ট ২০২০ তারিখ অফিস সময়ের পর প্রেরিত আবেদনপত্র/প্রস্তাব (হার্ড ও সফট কপি) কোনভাবেই গ্রহণ করা হবে না।** উল্লেখ্য, পদকের জন্য বিবেচ্য প্রার্থীর ডিসেম্বর ২০১৯ পর্যন্ত কর্মকৃতি এবং বিশেষ ক্ষেত্রে প্রাপক ব্যক্তির সমগ্র জীবনের বা প্রতিষ্ঠানের সার্বিক অবদান বিবেচনাযোগ্য হবে।

**৪। ডাকযোগে প্রেরণের ঠিকানা:**

**সদস্য-সচিব**
**আন্তর্জাতিক মাতৃভাষা পদক বাছাই কমিটি**
**ও**
**পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা)**
**আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট**
**১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০**

**৫। পদকের মান**
পদক হিসেবে ১৮ (আঠারো) ক্যারেট মানের ১৫ (পনেরো) গ্রাম ওজনের একটি স্বর্ণপদক (Gold Medal), সম্মাননাপত্র এবং ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা প্রদান করা হবে।

**৬। পদক প্রাপ্তির যোগ্যতা:**
৬.১ বাংলাদেশে বিভিন্ন মাতৃভাষা সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশে অবদান;
৬.২ মাতৃভাষাচর্চায় প্রমাণিত বিশেষ অবদান (প্রমাণ: প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ);
৬.৩ মাতৃভাষার গবেষণায় বিশেষ অবদান;

৬.৪ মাতৃভাষার সংরক্ষণ, প্রমিতায়ন, পুনরুজ্জীবন এবং মাতৃভাষাচর্চার বিকাশে ডিজিটাল প্রযুক্তি উদ্ভাবনে বিশেষ অবদান;

৬.৫ বহির্বিশ্বে মাতৃভাষা প্রচার ও প্রসারে বিশেষ অবদান;

৬.৬ মাতৃভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত মৌলিক গ্রন্থাবলি বিদেশি ভাষায় অনুবাদে বিশেষ অবদান (প্রমাণ: প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ);

৬.৭ বিদেশি ভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত গ্রন্থসমূহের বাংলা ভাষায় অনুবাদে বিশেষ অবদান (প্রমাণ: প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ)।

**৭। আবেদন বা প্রস্তাবের জন্য বিবেচ্য বিষয়াদি:**

৭.১ নির্ধারিত ছকে (পদক নীতিমালার পরিশিষ্ট - ক/খ) ও পূর্ব-উল্লিখিত তারিখের মধ্যে আবেদনপত্র বা প্রস্তাবের ০৩ (তিন) কপি ফরম যথাযথভাবে পূরণ করে বাছাই কমিটির সদস্য-সচিবের নিকট ডাকযোগে বা সরাসরি প্রেরণ করতে হবে এবং এর সফট কপি চাহিদামত নির্ধারিত ই-মেইলে পাঠাতে হবে;

৭.২ আবেদনপত্রে বা প্রস্তাবে অসত্য বা অসম্পূর্ণ তথ্য বা অস্পষ্ট বর্ণনা এবং অভিজ্ঞানপত্র/সনদ/প্রশংসাপত্র (টেস্টিমোনিয়াল/সার্টিফিকেট) সংযোজিত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

৭.৩ কোনো শ্রেণিতে (জাতীয় ও আন্তর্জাতিক) উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান খুঁজে পাওয়া না গেলে সেক্ষেত্রে পদক প্রদান সংশ্লিষ্ট বছরের জন্য স্থগিত থাকবে;

৭.৪ একই ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংস্থা 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক'-এর জন্য দ্বিতীয়বারের জন্য বিবেচিত হবেন না;

৭.৫ এই পদক মরণোত্তর (posthumous) প্রদেয় নয়। কিন্তু প্রাপক হিসেবে নাম ঘোষণার পর কোনো ব্যক্তির মৃত্যু হলে তাঁর পক্ষে পরিবারের উত্তরাধিকারী/উত্তরাধিকারিণীদের মধ্য থেকে নির্ধারিত কেউ অথবা উত্তরাধিকারী/ উত্তরাধিকারিণী না থাকলে উপযুক্ত কেউ তা গ্রহণ করতে পারবেন। এজন্য প্রচলিত নিয়মে প্রাপ্ত উত্তরাধিকার বা ওয়ারিশান সনদে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের/সংশ্লিষ্ট দূতাবাসের প্রতিস্বাক্ষর থাকতে হবে;

৭.৬ বাংলাদেশের নাগরিক স্বদেশে অবস্থানকালে পদক প্রাপকরূপে চূড়ান্তভাবে নাম ঘোষণার পর যদি বাংলাদেশের বাইরে গমন করেন অথবা সেখানে অবস্থান করেন এবং তাঁর পক্ষে বাংলাদেশে এসে পুরস্কার গ্রহণ সম্ভব না হয়, সেক্ষেত্রে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস (যদি থাকে) থেকে পদক গ্রহণ করতে পারবেন। তবে বিষয়টি আমাই কর্তৃপক্ষকে পূর্বে অবহিত করতে হবে। অনুরূপ ব্যবস্থা পদক প্রাপক হিসেবে নাম ঘোষণার পর মৃত ব্যক্তির ক্ষেত্রেও প্রযোজ্য হবে। সেক্ষেত্রে মৃত ব্যক্তির উত্তরাধিকারী/উত্তরাধিকারিণীর যথার্থতা সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক যাচাইপূর্বক পদক প্রদান করা হবে। এ সংক্রান্ত পদক বিতরণ অনুষ্ঠান দূতাবাসে অনুষ্ঠিত হবে এবং দূতাবাস প্রধান পদক প্রদান করবেন।

৮। বিজ্ঞপ্তিটি নিম্নোক্ত ওয়েবসাইটসমূহে দেখা যাবে। **অনিবার্য কারণে বিজ্ঞপ্তিটির সংশোধন অথবা বিজ্ঞপ্তিটির কোন বিশেষ অংশ সংশোধনকরণের ক্ষেত্রে সংশোধিত বিজ্ঞপ্তিটি অথবা বিজ্ঞপ্তিটির সংশোধিত অংশ কেবল নিম্নোক্ত ওয়েবসাইটসমূহে আপলোড করা হবে।**

www.shed.gov.bd, www.mofa.gov.bd, www.en.unesco.org, www.imli.gov.bd, www.dshe.gov.bd, www.ugc.gov.bd, www.bncu.gov.bd, www.naem.gov.bd, www.banbeis.gov.bd

০৩.০৮.২০২০

(ড. জীনাত ইমতিয়াজ আলী)
সভাপতি
আন্তর্জাতিক মাতৃভাষা পদক বাছাই কমিটি
ও
মহাপরিচালক
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
টেলিফোন: +৮৮ ০২ ৮৩৯১৩৪৬ ইমেইল: imtiazali.du@gmail.com
imli.msmoebd@gmail.com

পরিচালক (প্রশাসন, অর্থ ও গবেষণা)-এর দপ্তরের
ডায়েরি নং ২৮৫০ তারিখ ২/১/২০২০

| | |
|---|---|
| পরিচালক (প্রশাসন, অর্থ ও গবেষণা) | |
| উপপরিচালক (প্রশাসন, পরিকল্পনা ও প্রশিক্ষণ) | |
| উপপরিচালক (লাইব্রেরি ও আর্কাইভ) | |
| উপপরিচালক (প্রচার, তথ্য ও যোগাযোগ) | |
| উপপরিচালক (ভাষা, প্রকাশনা, গবেষণা পরিকল্পনা ও সেমিনার) | |
| সহকারী পরিচালক | |
| পি, এ- | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

| | |
|---|---|
| পরিচালক (প্রশাসন, অর্থ ও গবেষণা) | |
| পরিচালক (প্রশিক্ষণ ও পরিকল্পনা) | |
| উপপরিচালক (প্রশাসন ও অর্থ) | |
| উপপরিচালক (লাইব্রেরি ও আর্কাইভ) | |
| উপপরিচালক (তথ্য, প্রচার ও জাদুঘর) | |
| উপপরিচালক (প্রকাশনা ও গবেষণা পরিকল্পনা) | |
| সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) | |

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮২.২২.০০৫.১৬.১৫৫৬ তারিখ: ১১ পৌষ ১৪২৬
২৬ ডিসেম্বর ২০১৯

বিষয়: **আন্তর্জাতিক মাতৃভাষা পদক নীতিমালা ২০১৯-এর কপি প্রেরণ।**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক নীতিমালা ২০১৯'-এর কপি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সঙ্গে প্রেরণ করা হলো।

সংলাগ : উল্লেখ অনুযায়ী।

২৬-১২-২০১৯
মোঃ শামসুল আলম
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৪৯১৩০
ইমেইল:
sas_admin1@moedu.gov.bd

মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৮২.২২.০০৫.১৬.১৫৫৬/১(৩) তারিখ: ১১ পৌষ ১৪২৬
২৬ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত সচিব ( প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) উপসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৬-১২-২০১৯
মোঃ শামসুল আলম
সিনিয়র সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৮২.২২.০০৫.১৬.৯৫৫১ তারিখঃ ০৯ পৌষ ১৪২৬ / ২৪ ডিসেম্বর ২০১৯

বিষয় : **আন্তর্জাতিক মাতৃভাষা পদক নীতিমালা ২০১৯**

বাংলাদেশসহ বিশ্বের অন্যান্য দেশের মাতৃভাষা সংরক্ষণ ও বিকাশে অনন্যসাধারণ অবদান (outstanding contribution for protection and promotion of mother languages throughout the world), মাতৃভাষার চর্চা, গবেষণা ইত্যাদি ক্ষেত্রে বিশেষ কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক পদক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক নীতিমালা ২০১৯' এতদ্বারা প্রণয়ন ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জারি করা হলো।

১.০ **সংক্ষিপ্ত শিরোনাম ও অধিক্ষেত্র:**

১.১ এই নীতিমালা "আন্তর্জাতিক মাতৃভাষা পদক নীতিমালা ২০১৯" নামে অভিহিত হবে।

১.২ এর অধিক্ষেত্র হবে বাংলাদেশ এবং ইউনেস্কো-র সদস্যভুক্ত বিশ্বের অন্যান্য দেশ।

১.৩ এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

২.০ **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোনও কিছু না থাকলে এ নীতিমালা দ্বারা সংজ্ঞায়িত হবে—

২.১ "ইনস্টিটিউট" অর্থ 'আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আইন ২০১০'-এর ধারা-৩ এর অধীনে প্রতিষ্ঠিত "আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট"।

২.২ "আন্তর্জাতিক মাতৃভাষা পদক" অর্থ মাতৃভাষার সংরক্ষণ ও বিকাশে বিশেষ অবদান, মাতৃভাষার চর্চা, গবেষণা ইত্যাদি ক্ষেত্রে অনন্যসাধারণ কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ দেশি ও বিদেশি ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে এই নীতিমালার আওতায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট কর্তৃক প্রদত্ত পুরস্কার।

২.৩ "সম্মাননাপত্র" বলতে পদকের জন্য মনোনীত ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে ইনস্টিটিউট কর্তৃক প্রদেয় অভিজ্ঞানপত্র/সম্মাননাপত্র (Certificate)।

২.৪ ''বাছাই কমিটি" অর্থ পদক, পুরস্কার প্রদানের লক্ষ্যে ব্যক্তি, প্রতিষ্ঠান/সংস্থার আবেদন বা প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক মনোনয়ন কমিটি সমীপে সুপারিশ প্রেরণের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের পরিচালকের নেতৃত্বে গঠিত একটি কমিটি।

২.৫ ''মনোনয়ন কমিটি" অর্থ পদক প্রদানের লক্ষ্যে বাছাই কমিটির প্রস্তুতকৃত তালিকা থেকে সুপারিশ প্রণয়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নেতৃত্বে গঠিত একটি কমিটি।

২.৬ "পরিচালক" অর্থ *আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আইন ২০১০* (সংশোধিত ২০১৯)-এর ধারা ১০ অনুযায়ী সরকার কর্তৃক নিযুক্ত পরিচালক।

৩.০ **পদকের নাম:**

আন্তর্জাতিক মাতৃভাষা জাতীয় পদক (International Mother Language National Award) এবং আন্তর্জাতিক মাতৃভাষা আন্তর্জাতিক পদক (International Mother Language International Award)

৪.০ **পদকের সংখ্যা:**

প্রতি দুই বৎসর পর পর প্রদেয় পদকের সংখ্যা হবে ৪টি (জাতীয় ক্ষেত্রে ২টি এবং আন্তর্জাতিক পর্যায়ে ২টি—ব্যক্তি/ প্রতিষ্ঠান/সংস্থার অনুকূলে প্রদেয়)।

মোহিবর

**৫.০ পদকের জন্য আবেদনের পদ্ধতি:**

৫.১ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) প্রতি বছর ১ জুলাইয়ের মধ্যে জাতীয় পর্যায়ে আবেদন বা নাম-প্রস্তাব আহ্বানের জন্য চার বা ততোধিক (কমপক্ষে ২টি বাংলা ও ২টি ইংরেজি) দৈনিক পত্রিকা এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ ও পররাষ্ট্র মন্ত্রণালয়সহ শিক্ষা মন্ত্রণালয়ের অধীন অন্যান্য সংস্থার বা প্রতিষ্ঠানের ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করবে;

৫.২ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট আন্তর্জাতিক পর্যায়ে ৩১ আগস্টের মধ্যে নাম সংগ্রহের জন্য ইউনেস্কো-র ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে;

৫.৩ পদকের জন্য প্রাথমিক আবেদন বা প্রস্তাব যে কোনো ব্যক্তি এবং সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা অনুরূপ সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ফরম (পরিশিষ্ট — ক/খ) পূরণপূর্বক প্রেরণ করা যাবে।

**৬.০ পদকের মান:**

পদক হিসেবে ১৮ (আঠারো) ক্যারেট মানের ১৫ (পনেরো) গ্রাম ওজনের একটি স্বর্ণপদক বা Gold Medal, সম্মাননাপত্র এবং ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা কিংবা পাঁচ হাজার ডলার প্রদান করা হবে। উল্লেখ্য, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট সরকারের অনুমোদনক্রমে 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক'-এর সংখ্যা ও অর্থের পরিমাণ সময়ে সময়ে হ্রাস-বৃদ্ধি করতে পারবে।

**৭.০ পদক প্রাপ্তির যোগ্যতা**

৭.১ পৃথিবীর বিভিন্ন মাতৃভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশে বিশেষ অবদান;

৭.২ মাতৃভাষার চর্চায় প্রমাণিত বিশেষ অবদান (প্রমাণ: প্রকাশিত মানসম্পন্ন গ্রন্থ);

৭.৩ মাতৃভাষার গবেষণায় বিশেষ অবদান;

৭.৪ মাতৃভাষার সংরক্ষণ, পুনরুজ্জীবন ও বিকাশে ডিজিটাল প্রযুক্তি উদ্ভাবনে বিশেষ অবদান;

৭.৫ বহির্বিশ্বে মাতৃভাষা ও বিদেশি ভাষা প্রচার ও প্রসারে বিশেষ অবদান;

৭.৬ মাতৃভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত মৌলিক গ্রন্থাবলি বিদেশি ভাষায় অনুবাদে বিশেষ অবদান
(প্রমাণ: প্রকাশিত মানসম্মত গ্রন্থ);

৭.৭ বিদেশি ভাষায় রচিত সাহিত্য ও অন্যান্য বিষয়ে রচিত গ্রন্থসমূহের বাংলা ভাষায় অনুবাদে বিশেষ অবদান (প্রমাণ: প্রকাশিত মানসম্মত গ্রন্থ)।

**৮.০ আবেদন বা প্রস্তাবের জন্য বিবেচ্য বিষয়াদি:**

৮.১ নির্ধারিত ছকে (পরিশিষ্ট — ক/খ) ও নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদনপত্রের বা প্রস্তাবের ৩ (তিন) কপি ফরম যথাযথভাবে পূরণ করে বাছাই কমিটির সদস্য-সচিবের নিকট ডাকযোগে বা সরাসরি প্রেরণ করতে হবে এবং এর সফ্‌ট কপি (Soft Copy) চাহিদামতো নির্ধারিত ই-মেইলে প্রেরণ করতে হবে;

৮.২ আবেদনপত্রে বা প্রস্তাবে অসত্য বা অসম্পূর্ণ তথ্য বা অস্পষ্ট বর্ণনা এবং নমুনা অনুযায়ী যথাযথ অভিজ্ঞানপত্র/সনদ/প্রশংসাপত্র (Testimonials/Certificates) সংযোজিত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

৮.৩ কোন শ্রেণিতে (জাতীয় ও আন্তর্জাতিক) উপযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান খুঁজে পাওয়া না গেলে সে ক্ষেত্রে পদক প্রদান সংশ্লিষ্ট বছরের জন্য স্থগিত থাকবে;

৮.৪ একই ব্যক্তি বা প্রতিষ্ঠান/সংস্থা 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক'-এর জন্য দ্বিতীয় বারের জন্য বিবেচিত হবেন না;

৮.৫ এই পদক মরণোত্তর (posthumous) প্রদেয় নয়। তবে প্রাপক হিসেবে নাম ঘোষণার পর কোনো ব্যক্তির মৃত্যু হলে তাঁর পক্ষে পরিবারের উত্তরাধিকারী/উত্তরাধিকারিণীদের মধ্য থেকে নির্ধারিত কেউ অথবা উত্তরাধিকারী/উত্তরাধিকারিণী না থাকলে উপযুক্ত কেউ তা গ্রহণ করতে পারবেন। এ জন্য প্রচলিত নিয়মে প্রাপ্ত উত্তরাধিকার বা ওয়ারিশান সনদে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের/সংশ্লিষ্ট দূতাবাসের প্রতিস্বাক্ষর থাকতে হবে;

৮.৬ বাংলাদেশের নাগরিক স্বদেশে অবস্থানকালে পদক প্রাপকরূপে চূড়ান্তভাবে নাম ঘোষণার পর যদি বাংলাদেশের বাইরে গমন করেন অথবা সেখানে অবস্থান করেন এবং তাঁর পক্ষে বাংলাদেশে এসে পুরস্কার গ্রহণ করা সম্ভব না হয়, সে ক্ষেত্রে সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস (যদি থাকে) থেকে পদক গ্রহণ করতে পারবেন। তবে এ বিষয়টি আমাই কর্তৃপক্ষকে পূর্বে অবহিত করতে হবে। অনুরূপ ব্যবস্থা পদক প্রাপক হিসেবে নাম ঘোষণার পর মৃত ব্যক্তির ক্ষেত্রেও প্রযোজ্য হবে। সে ক্ষেত্রে মৃত ব্যক্তির উত্তরাধিকারী/উত্তরাধিকারিণীর যথার্থতা সংশ্লিষ্ট দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস কর্তৃক যাচাইপূর্বক পদক প্রদান করা হবে।

এ সংক্রান্ত পদক বিতরণ অনুষ্ঠান দূতাবাসে অনুষ্ঠিত হবে এবং দূতাবাস প্রধান পদক প্রদান করবেন। পুরস্কারের অর্থ দূতাবাস কর্তৃক প্রাপককে প্রদান করা হবে এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের মাধ্যমে পররাষ্ট্র মন্ত্রণালয়/দূতাবাসকে নির্ধারিত অর্থ পুনর্ভরণ করবে।

**৯.০ পদক প্রদান সংক্রান্ত কমিটি:**

প্রতিবছর যথাসময়ে 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক' প্রদান নিশ্চিতকরণার্থে দুটি কমিটি কাজ করবে; এগুলোর নাম হবে: (ক) বাছাই কমিটি এবং (খ) মনোনয়ন কমিটি।

**৯.১ বাছাই কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ৯.১.১ | পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট | : সভাপতি |
| ৯.১.২ | মহাপরিচালক (আন্তর্জাতিক সংস্থা), পররাষ্ট্র মন্ত্রণালয় | : সদস্য |
| ৯.১.৩ | অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা), আ.মা.ই. | : সদস্য |
| ৯.১.৪ | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (যুগ্মসচিবের নিচে নয়) | : সদস্য |
| ৯.১.৫ | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | : সদস্য |
| ৯.১.৬ | প্রতিনিধি, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | : সদস্য |
| ৯.১.৭ | প্রতিনিধি, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | : সদস্য |
| ৯.১.৮ | প্রতিনিধি, সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় (যুগ্মসচিবের নিচে নয়) | : সদস্য |
| ৯.১.৯ | চেয়ারম্যান, ভাষাবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | : সদস্য |
| ৯.১.১০ | ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশন | : সদস্য |
| ৯.১.১১-১২ | একজন নারীসহ বিশিষ্ট ২-জন ব্যক্তি (পরিচালক, আ.মা.ই. কর্তৃক মনোনীত এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত) | : সদস্য |
| ৯.১.১৩ | অতিরিক্ত পরিচালক (ভাষা, গবেষণা ও প্রশিক্ষণ), আ.মা.ই. | : সদস্য-সচিব |

**৯.২ কর্মপরিধি:**

৯.২.১ প্রাপ্ত আবেদন/নাম-প্রস্তাব বাছাইপূর্বক জাতীয় পর্যায়ে এবং আন্তর্জাতিক পর্যায়ে ব্যক্তি/প্রতিষ্ঠানের নামের তালিকা প্রণয়ন করে ৩১ অক্টোবরের মধ্যে মনোনয়ন কমিটির নিকট প্রেরণ করবে।

৯.২.২ কমিটি মনোনয়ন প্রদানের উদ্দেশ্যে প্রয়োজনে সংশ্লিষ্টদের সাক্ষাৎকার গ্রহণ অথবা ই-মেইলের মাধ্যমে তাঁদের সঙ্গে যোগাযোগ করতে পারবে।

**৯.৩ মনোনয়ন কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ৯.৩.১ | মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | : সভাপতি |
| ৯.৩.২ | মাননীয় প্রতিমন্ত্রী/উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় | : সহ-সভাপতি |
| ৯.৩.৩ | সিনিয়র সচিব/সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | : সদস্য |
| ৯.৩.৪ | সিনিয়র সচিব/সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : সদস্য |
| ৯.৩.৫ | সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ | : সদস্য |
| ৯.৩.৬ | সিনিয়র সচিব/সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | : সদস্য |
| ৯.৩.৭ | সিনিয়র সচিব/সচিব, সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয় | : সদস্য |
| ৯.৩.৮ | সিনিয়র সচিব/সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | : সদস্য |
| ৯.৩.৯ | সিনিয়র সচিব/সচিব, তথ্য মন্ত্রণালয় | : সদস্য |
| ৯.৩.১০ | সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ | : সদস্য |
| ৯.৩.১১ | প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয় (মহাপরিচালকের নিচে নয়) | : সদস্য |
| ৯.৩.১২ | মহাপরিচালক, বাংলা একাডেমি | : সদস্য |



যোহরাব

৯.৩.১৩ পরিচালক, আধুনিক ভাষা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় : সদস্য

৯.৩.১৪ অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় : সদস্য-সচিব

**৯.৪ কর্মপরিধি:**

৯.৪.১ বাছাই কমিটি কর্তৃক প্রেরিত তালিকা হতে জাতীয় পর্যায়ে ৩/৪টি নাম এবং আন্তর্জাতিক পর্যায়ে ৩/৪টি নাম নির্বাচন করবে।

৯.৪.২ কমিটি প্রয়োজনে বাছাই কমিটির প্রেরিত তালিকায় বর্ণিত ব্যক্তি বা প্রতিষ্ঠান সম্পর্কে অনুসন্ধান ও সংশ্লিষ্টদের সাক্ষাৎকার গ্রহণ করতে পারবে।

৯.৪.৩ কমিটি মাননীয় প্রধানমন্ত্রীর চূড়ান্ত অনুমোদনের জন্য সুপারিশ প্রণয়ন করবে।

৯.৪.৪ কমিটি প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবে।

**১০.০ পদক প্রদান সংক্রান্ত কার্যক্রমের ব্যয়:**

প্রতিবছর পদক প্রদান সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ থাকবে। এ-বরাদ্দ নিশ্চিত করতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ ও অর্থ মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় অনুমোদন গ্রহণ করতে হবে।

**১১.০ পদক প্রদান-প্রক্রিয়া বাস্তবায়নের সময়সূচি:**

পদক প্রদানের ক্ষেত্রে পূর্ববর্তী বছরের ডিসেম্বর পর্যন্ত কর্মকৃতি এবং বিশেষ ক্ষেত্রে প্রাপক-ব্যক্তির সমগ্র জীবনের বা প্রতিষ্ঠানের সার্বিক অবদান বিবেচনায় নেয়া যাবে।

**১১.১ পদক প্রদান সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া সম্পাদনের সময়সূচি হবে নিম্নরূপ :**

১১.১.১ আবেদন বা প্রস্তাব আহ্বান এবং সংগ্রহ : ০১ জুলাইয়ের মধ্যে
(আন্তর্জাতিক ক্ষেত্রে দূতাবাসের ওয়েবসাইটে এবং জাতীয় ক্ষেত্রে চার বা ততোধিক দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে)

১১.১.২ আবেদন বা প্রস্তাব জমা প্রদানের/সংগ্রহের শেষ দিন : ৩১ আগস্টের মধ্যে

১১.১.৩ বাছাই কমিটি কর্তৃক আবেদন যাচাই-বাছাই : ৩০ সেপ্টেম্বর মধ্যে

১১.১.৪ মনোনীত নাম-প্রস্তাব 'মনোনয়ন কমিটি'র নিকট প্রেরণ : ৩১ অক্টোবরের মধ্যে

১১.১.৫ মনোনয়ন কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ : ৩০ নভেম্বরের মধ্যে

১১.১.৬ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদন : ৩১ ডিসেম্বরের মধ্যে

১১.১.৭ 'আন্তর্জাতিক মাতৃভাষা পদক' ঘোষণা
(এক বা একাধিক দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে) : ১৫ জানুয়ারির মধ্যে

১১.১.৮ আনুষ্ঠানিকভাবে পদক প্রদান : ২১ ফেব্রুয়ারি

**১২.০ পদক প্রাপকের উপাধি ব্যবহার:**

পদকপ্রাপ্ত ব্যক্তি (গণ) International Mother Language Awardee হিসাবে বিবেচিত হবেন এবং তাঁরা ইচ্ছে করলে নামের শেষে 'IMLA' উপাধি ব্যবহার করতে পারবেন।

সোহরাব ২৪/১২/২০১৯

(মো. সোহরাব হোসাইন)
সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

নম্বর: ৩৭.০০.০০০০.০৮২.২২.০০৫.১৬.১৫৫২(২০০)

তারিখঃ ০৯ পৌষ ১৪২৬ / ২৪ ডিসেম্বর ২০১৯

অনুলিপি : সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।

৩. মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয়, কাকরাইল, ঢাকা।
৪. সিনিয়র সচিব/সচিব......................................
৫. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. কমিশনার,...........................................বিভাগ (সকল)।
৭. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।
৮. ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা।
৯. ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
১০. প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, সেগুনবাগিচা, ঢাকা।
১২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১৩. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, ঢাকা।
১৪. জেলা প্রশাসক..........................সকল।
১৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

২৪।১২।১৯

(মোঃ শামসুল আলম)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন ও সংস্থাপন)
ফোন : ৯৫৪৯১৩০
ই-মেইল : sas_admin1@moedu.gov.bd

# পদক পুরস্কারের জন্য প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্য ছক

প্রস্তাবিত ব্যক্তির পাসপোর্ট আকারের ২টি ও স্ট্যাম্প আকারের ২টি রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কিত তথ্য

১.০ ব্যক্তিগত তথ্য :

১.১ নাম
বাংলায় :
ইংরেজিতে (বড় অক্ষরে):

১.২ পিতার নাম :

১.৩ মাতার নাম :

১.৪ জন্ম তারিখ :

১.৫ জাতীয় পরিচয়পত্রের নম্বর :

১.৬ নাগরিকত্ব :

১.৭ স্থায়ী ঠিকানা :

১.৮ বর্তমান ঠিকানা :

১.৯ ফোন নম্বর : অফিস : আবাসিক :
মোবাইল ফোন নম্বর :

১.১০ ফ্যাক্স নম্বর :

১.১১ ইমেইল আইডি :

২.০ শিক্ষাগত যোগ্যতা :

| ক্রমিক নং | শিক্ষার স্তর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | শিক্ষাজীবনের বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| ২.১ | প্রাথমিক বিদ্যালয় | | |
| ২.২ | এস.এস.সি./সমমান | | |
| ২.৩ | এইচ.এস.সি./সমমান | | |
| ২.৪ | স্নাতক/সমমান | | |
| ২.৫ | স্নাতকোত্তর/সমমান | | |
| ২.৬ | উচ্চতর ডিগ্রি | | |
| ২.৭ | উল্লেখযোগ্য অন্য কোন সার্টিফিকেট/ডিপ্লোমা | | |

৩.০ প্রকাশিত উল্লেখযোগ্য গবেষণা/প্রবন্ধ/বই ইত্যাদির বিবরণ :

| ক্রমিক নং | প্রকাশিত গবেষণা/প্রবন্ধ/বই ইত্যাদির শিরোনাম | প্রকাশক/জার্নালের নাম, প্রকাশনার স্থান ও বৎসর | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

সোহরাব

৪.০ প্রাপ্ত উল্লেখযোগ্য পুরস্কার/সম্মাননা/পদক ইত্যাদির বিবরণ :

| ক্রমিক নং | পুরস্কার/সম্মাননা/পদকের নাম ও প্রাপ্তির বৎসর | পুরস্কার/সম্মাননা/পদক যে কাজের জন্য পেয়েছেন | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

৫.০ সামাজিক/সাংস্কৃতিক/রাজনৈতিক ক্ষেত্রে উল্লেখযোগ্য কার্যক্রম :

| ক্রমিক নং | সংস্থার নাম ও ঠিকানা | কোনো দায়িত্বপূর্ণ পদে থাকলে পদের নাম ও সময়কাল | বিশেষ কৃতিত্ব (যদি থাকে) |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

৬.০ যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদানের প্রস্তাব করা যাচ্ছে সে ক্ষেত্রে প্রস্তাবিত ব্যক্তির অবদান :

৭.০ উল্লেখ করার মত অন্য কোনো গুরুত্বপূর্ণ তথ্য থাকলে তার বিবরণ :

৮.০ প্রস্তাব বিবেচনাকালে জরুরি কোনো তথ্যের জন্য বা অন্য যে-কোনো প্রয়োজনে যার সঙ্গে যোগাযোগ করতে হবে :

৮.১ নাম :
৮.২ বর্তমান ঠিকানা :
৮.৩ ফোন ও মোবাইল ফোন নম্বর :
৮.৪ ফ্যাক্স নম্বর :
৮.৫ ইমেইল ঠিকানা :

৯.০ পুরস্কারপ্রাপ্ত ব্যক্তি অনিবার্য কারণে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকতে না পারলে যিনি পুরস্কার গ্রহণ করবেন :

৯.১ নাম :
৯.২ বর্তমান ঠিকানা :
৯.৩ ফোন ও মোবাইল ফোন নম্বর :
৯.৪ ফ্যাক্স নম্বর :
৯.৫ ইমেইল ঠিকানা :

১০.০ প্রস্তাব :

................................................................ (প্রস্তাবিত ব্যক্তির নাম) ................................ সম্পর্কে উপরে প্রদত্ত তথ্য এবং সংযুক্ত কাগজপত্র আমার জানামতে সঠিক। দেশ ও জাতির কল্যাণে অনন্যসাধারণ অবদান ও সামগ্রিক জীবনের অর্জন বিবেচনায় তিনি ------------------- পুরস্কার পাওয়ার যোগ্য। আমি ২০................ সালে ..................... ক্ষেত্রে তাঁকে --------- পুরস্কার প্রদানের প্রস্তাব করছি।

তারিখ :

প্রস্তাবকারীর স্বাক্ষর
(..........প্রস্তাবকারীর নাম.......)
সীল (প্রযোজ্য ক্ষেত্রে)

মোহাম্মদ

১১.০ প্রস্তাবকারীর তথ্য :

১১.১ প্রস্তাবকারী আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট পদক প্রাপ্ত হলে প্রাপ্তির বছর :

১১.২ প্রস্তাবকারী মন্ত্রণালয়/বিভাগ এর স্বাক্ষরকারীর পদবি ও মন্ত্রণালয়/বিভাগের নাম :

১১.৩ বর্তমান ঠিকানা :

১১.৪ ফোন ও মোবাইল ফোন নম্বর :

১১.৫ ফ্যাক্স নম্বর :

১১.৬ ইমেইল আইডি :

১২.০ প্রস্তাবিত ছক পূরণের বিষয়ে নির্দেশিকা

১২.১ মন্ত্রণালয়/বিভাগ হতে প্রস্তাবের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব প্রস্তাব স্বাক্ষর করবেন।

১২.২ প্রস্তাবের সকল পাতায় এবং সংলাগসমূহে প্রস্তাবক অনুস্বাক্ষর করবেন।

১২.৩ প্রস্তাব A4 আকারের কাগজে একদিকে কম্পিউটার কম্পোজ করে প্রস্তুত করতে হবে এবং Nikosh Font/ SutonnyMj font এ CD-তে প্রস্তাবের Soft copy প্রেরণ করতে হবে।

১২.৪ প্রস্তাবিত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র ও জন্ম সনদের ফটোকপি প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে।

১২.৫ প্রস্তাব ছকের ৬ ও ৭ অনুচ্ছেদে সংক্ষেপে (অনধিক ৩০০ শব্দ) সুনির্দিষ্ট তথ্য প্রদান করতে হবে। প্রয়োজনে সে সব বিষয়ে বিস্তারিত তথ্য পৃথক কাগজে প্রস্তাবের সঙ্গে সংলাগ আকারে প্রদান করা যাবে।

১২.৬ ছকের যে সব বিষয় প্রস্তাবিত ব্যক্তির জন্য প্রযোজ্য নয় সে সব বিষয়ে "প্রযোজ্য নয়" এবং যেগুলো নাই সেগুলোর ক্ষেত্রে "নাই" লিখতে হবে।

১২.৭ পদকের জন্য মনোনীত ব্যক্তি পুরস্কার গ্রহণের পূর্বে মৃত্যুবরণ করলে তাঁর পরিবারের বৈধ উত্তরাধিকারী এবং উত্তরাধিকারী না থাকলে উপযুক্ত কেউ পদক গ্রহণ করতে পারবেন। এ জন্য প্রচলিত নিয়মে প্রাপ্ত উত্তরাধিকার বা ওয়ারিশান সনদে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রতিস্বাক্ষর থাকতে হবে।

১২.৮ ছকটি http.//www.imli.gov.bd ঠিকানা হতে ডাউনলোড করে ব্যবহার করা যাবে।

সোবহান

# পদক পুরস্কারের জন্য প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য ছক

| |
|---|
| প্রস্তাবিত প্রতিষ্ঠান প্রধানের পাসপোর্ট আকারের ২টি ও স্ট্যাম্প আকারের ২টি রঙিন ছবি সংযুক্ত করতে হবে। |

প্রস্তাবিত প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য

১.০ ব্যক্তিগত তথ্য :

১.১ নাম

বাংলায় :

ইংরেজিতে (বড় অক্ষরে) :

১.২ পূর্ণ ঠিকানা :

১.৩ রেজিস্ট্রেশন নম্বর ও রেজিস্ট্রেশনের বৎসর (প্রযোজ্য ক্ষেত্রে) :

১.৪ প্রধান নির্বাহীর নাম :

১.৫ প্রধান নির্বাহী পদবি :

১.৬ ফোন নম্বর : অফিস : আবাসিক :

মোবাইল ফোন নম্বর :

১.৭ ফ্যাক্স নম্বর :

১.৮ ওয়েবসাইট ঠিকানা:

১.৯ ইমেইল আইডি :

২.০ প্রতিষ্ঠানের উল্লেখযোগ্য কার্যক্রম এবং অর্জন/অবদান/কৃতিত্বসমূহ :

৩.০ প্রাপ্ত উল্লেখযোগ্য পুরস্কার/সম্মাননা/পদক :

| ক্রমিক নং | পুরস্কার/সম্মাননা/পদকের নাম ও প্রাপ্তির বৎসর | পুরস্কার/সম্মাননা/পদক যে কাজের জন্য পেয়েছেন | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

৪.০ যে ক্ষেত্রে অবদানের স্বীকৃতিস্বরূপ পুরস্কার প্রদানের প্রস্তাব করা হচ্ছে সেক্ষেত্রে প্রস্তাবিত প্রতিষ্ঠানের অবদান :

৫.০ উল্লেখ করার মত অন্য কোনো গুরুত্বপূর্ণ তথ্য থাকলে তার বিবরণ :

৬.০ সংযোজিত রিপোর্টসমূহ [টিক (√) অথবা নাই (×) সূচক চিহ্ন দিন]

৬.১ ...................... সালের বার্ষিক প্রতিবেদন (সর্বশেষটি)

৬.২ ........................সালের বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী (সর্বশেষটি)

৬.৩ ....................... সালের অডিট প্রতিবেদন (সর্বশেষটি)

৬.৪ ....................... ................. ....................... ..............................

ও ................. তারিখে অনুষ্ঠিত বোর্ড অব গভর্নরস/বোর্ড অব ডাইরেক্টরস/ম্যানেজিং কমিটির সভার কার্যবিবরণী (সর্বশেষ ৫টি)।

স্বাক্ষরিত

৭.০ প্রস্তাব বিবেচনাকালে জরুরি কোনো তথ্যের জন্য বা অন্য যে-কোনো প্রয়োজনে যার সঙ্গে যোগাযোগ করতে হবে :

৭.১ নাম :

৭.২ পদবি :

৭.৩ ঠিকানা :

৭.৪ ফোন ও মোবাইল ফোন নম্বর :

৭.৫ ফ্যাক্স নম্বর :

৭.৬ ইমেইল আইডি :

৮.০ প্রতিষ্ঠান প্রধান পুস্কার বিতরণ অনুষ্ঠানে অনিবার্য কারণে উপস্থিত থাকতে না পারলে তার স্থলে উপযুক্ত যিনি পুরস্কার গ্রহণ করবেন :

৮.১ নাম :

৮.২ পদবি :

৮.৩ ঠিকানা :

৮.৪ ফোন ও মোবাইল ফোন নম্বর :

৮.৫ ফ্যাক্স নম্বর :

৮.৬ ইমেইল ঠিকানা :

৯.০ প্রস্তাব :

........................................................ (প্রস্তাবিত প্রতিষ্ঠানের নাম) ................................ সম্পর্কে উপরে প্রদত্ত তথ্য এবং সংযুক্ত কাগজপত্র আমার জানামতে সঠিক। দেশ ও জাতির কল্যাণে অনন্যসাধারণ অবদান বিবেচনায় প্রতিষ্ঠানটি------------------- পুরস্কার পাওয়ার যোগ্য। আমি ২০............... সালে .................... ক্ষেত্রে প্রতিষ্ঠানটিকে--------- পুরস্কার প্রদানের প্রস্তাব করছি।

তারিখ :

প্রস্তাবকারীর স্বাক্ষর

(..........প্রস্তাবকারীর নাম.......)

সীল (প্রযোজ্য ক্ষেত্রে)

১০.০ প্রস্তাবকারীর তথ্য :

১০.১ প্রস্তাবকারী আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট পদকপ্রাপ্ত হলে প্রাপ্তির বছর :

১০.২ প্রস্তাবকারী মন্ত্রণালয়/বিভাগ এর হলে স্বাক্ষরকারীর পদবি ও মন্ত্রণালয়/বিভাগের নাম : :

১০.৩ বর্তমান ঠিকানা :

১০.৪ ফোন ও মোবাইল ফোন নম্বর :

১০.৫ ফ্যাক্স নম্বর :

১০.৬ ইমেইল আইডি :

১১.০ প্রস্তাবিত ছক পূরণের বিষয়ে নির্দেশিকা

১১.১ মন্ত্রণালয়/বিভাগ হতে প্রস্তাবের ক্ষেত্রে মন্ত্রণালয়/বিভাগের সচিব প্রস্তাব স্বাক্ষর করবেন।

১১.২ প্রস্তাবের সকল পাতায় এবং সংলাগসমূহে প্রস্তাবক অনুস্বাক্ষর করবেন।

১১.৩ প্রস্তাব A4 আকারের কাগজে একদিকে কম্পিউটার কম্পোজ করে প্রস্তুত করতে হবে এবং Nikosh Font/SutonnyMj font এ CD-তে প্রস্তাবের Soft copy প্রেরণ করতে হবে।

১১.৪ প্রস্তাবিত ব্যক্তির জাতীয় পরিচয়পত্র ও জন্ম সনদের ফটোকপি প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে।

১১.৫ প্রস্তাব ছকের ৪ ও ৫ অনুচ্ছেদে সংক্ষেপে (অনধিক ৩০০ শব্দ) সুনির্দিষ্ট তথ্য প্রদান করতে হবে। প্রয়োজনে সেসব বিষয়ে বিস্তারিত তথ্য পৃথক কাগজে প্রস্তাবের সঙ্গে সংলাগ আকারে প্রদান করা যাবে।

১১.৬ ছকের যেসব বিষয় প্রস্তাবিত ব্যক্তির জন্য প্রযোজ্য নয় সেসব বিষয়ে "প্রযোজ্য নয়" এবং যেগুলি নাই সেগুলির ক্ষেত্রে "নাই" লিখতে হবে।

১১.৭ ছকটি http.//www.imli.gov.bd ঠিকানা হতে ডাউনলোড করে ব্যবহার করা যাবে।

সোহরাব